



তথ্যবিবরণী

নম্বর-২২৭

## জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উপলক্ষ্যে রাসিকের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৬ ফাল্গুন (১১ মার্চ):

বাংলাদেশ থেকে অপুষ্টিজনিত অন্ধত্ব নির্মূল ও শিশুমৃত্যু প্রতিরোধ করার লক্ষ্যে সরকার আগামী ১৫ মার্চ জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন ২০২৫ পালন করবে। এ উপলক্ষ্যে আজ মঙ্গলবার দুপুরে রাজশাহী সিটি কর্পোরেশন আয়োজিত নগর ভবনের সিটি হল সভাকক্ষে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন বিষয়ক অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার ও রাসিক প্রশাসক খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তৃতায় রাসিক প্রশাসক বলেন, ভিটামিন 'এ' শুধু অপুষ্টিজনিত অন্ধত্ব থেকে শিশুদের রক্ষা করে তাই নয়, ভিটামিন এ শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ও শিশুর মৃত্যু ঝুঁকি কমায়। আগামী প্রজন্মকে সুস্থ ও সবলভাবে গড়ে তুলতে আগামী ১৫ মার্চ সারাদেশে পালিত হবে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন। নগরীতে কোনো শিশু যেন এ কার্যক্রম থেকে বাদ না পড়ে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল ভূমিকা পালনের নির্দেশনা প্রদান করেন তিনি।

সভায় জানানো হয়, জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনের মাধ্যমে ৬-১১ মাস বয়সী সকল শিশুকে একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল এবং ১২-৫৯ মাস বয়সী সকল শিশুকে একটি লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। রাজশাহী মহানগরীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে ৩৮৪টি কেন্দ্রে দুই জন করে মোট ৭৬৮ জন স্বেচ্ছাসেবী নিয়োজিত থাকবে। প্রতিটি কেন্দ্র সকাল ৮টা হতে বিকাল ৪টা পর্যন্ত খোলা থাকবে। ৬-১১ মাস বয়সী ৮ হাজার ৭ শত ১৫ জন এবং ১২-৫৯ মাস বয়সী ৫৭ হাজার ৯ শত ৫ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জাতীয় পুষ্টিসেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়নে ও রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় রাজশাহী মহানগরীতে এ কার্যক্রম বাস্তবায়িত হবে।

সভায় রাজশাহীতে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রম বিষয়ে সার্বিক চিত্র উপস্থাপন করেন রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এফএএম আঞ্জুমান আরা বেগম।

সভায় স্বাস্থ্যের রাজশাহী বিভাগীয় পরিচালক ডা. মো. হাবিবুর রহমান, সিভিল সার্জেন ডা. এস.আই.এম রাজিউন করিম, রাসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী আহমেদ আল মঈন পরাগ, পরিবার পরিকল্পনার পরিচালক ড. কস্তুরী আমিনা কুইনসহ রাসিকের বিভিন্ন ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কাউন্সিলরবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ ও রাসিকের স্বাস্থ্যকর্মীগণ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৫.০০ঘ.